দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 23.DEC.2016 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৬ ...

# পঞ্চম ও অষ্টম শ্রেণী সমাপনী পরীক্ষার ফল ২৯ ডিসেম্বর

**স্টাফ রিপোর্টার ॥** আগামী ২৯ ডিসেম্বর একই দিনে প্রকাশ হবে এবারের পঞ্চম ও অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষার ফল। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে ২৯ ডিসেম্বর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশের ঘোষণার পর বৃহস্পতিবার প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, একই দিন প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনীর ফলও প্রকাশ করা হবে। এর আগে ২০১৪ সালে পঞ্চম ও অষ্টমের সমাপনীর ফল একই দিন প্রকাশ করা হয়েছিল।

দুই মন্ত্রণালয় জানিয়েছে, ওইদিন সকালে প্রথমে জেএসসি ও জেডিসি এবং পরে প্রাথমিক ও ইবেতেদায়ীর ফল প্রকাশ করা হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় বৃহস্পতিবার জানিয়েছেন, ২৯ ডিসেম্বর সকাল পৌনে ১১টায় প্রধানমন্ত্রীর হাতে ফলের অনুলিপি তুলে দেবেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার। এরপর দুপুর ১টায় সচিবালয়ে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিস্তারিত তুলে ধরবেন মন্ত্রী। আগামী ২৯ ডিসেম্বর প্রকাশ হচ্ছে অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল। এছাড়া প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশের সময় এখনও চূড়ান্ত হয়নি। তবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেছেন, ৩০ ডিসেম্বর ফল প্রকাশ করা হতে প্যারে। অন্যদিকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোঃ সোহরাব হোসাইন গত মঙ্গলবারই জানিয়েছেন, আগামী ২৯ ডিসেম্বর সকালে প্রধানমন্ত্রীর কাছে জেএসসি-জেডিসির ফল তুলে দেয়া হবে। পরে দুপুরে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফলের বিস্তারিত তথ্য প্রকাশ করা হবে। দুই মন্ত্রীর সংবাদ সম্মেলনের পর থেকেই শিক্ষার্থীরা শিক্ষাবোর্ডগুলোর ওয়েবসাইট এবং প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েবসাইট থেকে ফল জানতে পারবেন। এছাড়া যে কোন মোবাইল থেকে এসএমএস করেও দুই সমাপনী পরীক্ষার ফল জানা যাবে।